

অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলমের মৃত্যুতে শ্রম প্রতিমন্ত্রীর শোক
ঢাকা, ২৭ সেপ্টেম্বর ২০২০

রাষ্ট্রের সর্বোচ্চ আইন কর্মকর্তা অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলমের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান, এমপি। এক শোক বার্তায় শ্রম প্রতিমন্ত্রী বলেন, ‘রাষ্ট্রের ১৩তম প্রধান আইন কর্মকর্তা জনাব মাহবুবে আলমের মৃত্যুতে দেশের আইন অঙ্গনে এক অপূরণীয় ক্ষতি হলো। তাঁর মৃত্যুতে জাতি একজন দেশ প্রেমিক আইনজ্ঞকে হারালো। আইন অঙ্গনে জনাব মাহবুবে আলমের অবদান জাতি সবসময় শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। আমি তাঁর মৃত্যুতে গভীর শোক করছি। মরহমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা ও শোক সন্তোষ্ত পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি।’ উল্লেখ্য, রোববার সন্ধ্যা ৭টা ২৫ মিনিটে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন অবস্থায় মারা যান অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম ((ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭১ বছর। তিনি স্ত্রী, এক ছেলে ও এক মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

মোঃ আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

ফোন-৯৫৭৩৮৩৯

মোবাইলঃ০১৭১৮৮৫১৮৫১

Email : aktarullalpur@gmail.com